সমকাল

তারিখ 25 SEP 2017
পৃষ্ঠা 5 কলাম 4

# শিক্ষকদের মূল্যবোধের বিকাশ ঘটাতে হবে

—শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষকদের সততা, নিষ্ঠা ও মূল্যবোধকে আরও বিকশিত করার পরামর্শ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, শিক্ষকতা পেশার চেয়ে অধিক কিছু। মধ্যম আয়ের দেশ এবং উন্নত বাংলাদেশ গড়তে হলে শিক্ষাদান পদ্ধতি ও শিক্ষকদের মানসিকতার আমূল পরিবর্তন করতে হবে।

গতকাল রোববার রাজধানীর বাংলামোটরে বিশ্বসাহিত্য কেন্দ্র মিলনায়তনে 'মাধ্যমিক ও উচ্চশিক্ষা স্তরে মাল্টিমিডিয়া ক্লাসরুম সক্রিয়করণ কর্মশালা'য় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। এ সময় শিক্ষামন্ত্রী 'মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং অ্যাপস' উদ্বোধন করেন।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ড. এসএম ওয়াহিদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও 'বক্তব্য রাখেন কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব আলমগীর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব মহিউদ্দিন খান, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক কবির বিন আনোয়ার এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মনিটরিং ও ইভালুয়েশন উইংয়ের পরিচালক ড. মো. সেলিম মিয়া।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং........
তারিখ........
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর